

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২৭-০৪-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৪-০৪-২০২৩ থেকে ২৬-০৪-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

২৪ এপ্রিল: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া, পশ্চিম বর্ধমান ও পুরুলিয়া জেলার অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম জেলার অনেক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, নদীয়া, পূর্ব মেদিনীপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, কোচবিহার, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে।

উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়া হওয়া বয়ে গিয়েছিল :

স্থান	সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ(কিমি/ঘন্টা)	স্থায়িত্ব(মিনিট)
আলিপুর, কলকাতা	১২:২৯	দক্ষিণ পশ্চিম	৩৮	১

পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটার) : আসানসোল: ৩ সেমি; বার্নপুর, লছিপুর, ফুলবেড়িয়া: ২ সেমি; মদনপুর: ১ সেমি

২৫ এপ্রিল: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, হাওড়া, হুগলী, মুর্শিদাবাদ, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পূর্ব মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার অধিকাংশ জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে।

উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল :

স্থান	সর্বোচ্চ গতিবেগ(কিমি/ঘন্টা)
আলিপুর, কলকাতা	৫৬
দমদম, উত্তর ২৪ পরগনা	৪০

পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : রামপুরহাট: ৪ সেমি; দীঘা: ৩ সেমি; বাঁকুড়া, কল্যাণী, বসিরহাট, দমদম, ক্যানিং, ফুলবেড়িয়া: ১ সেমি

২৬ এপ্রিল: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৫২ থেকে ৭০ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৪৫ থেকে ৮৬ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা: উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে ২৬-০৪-২০২৩ তারিখে মেদিনীপুরে সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৭ ডিগ্রী সেলসিয়াস ছিল।

দিনের সর্বোচ্চ তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
২৪-০৪-২০২৩	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কাঁথি	কোচবিহার, মালদা, বালুরঘাট, বহরমপুর, আলিপুর, দমদম	কৃষ্ণনগর, মেদিনীপুর, দীঘা	--	--
২৫-০৪-২০২৩	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, বালুরঘাট	বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	মেদিনীপুর	--	--
২৬-০৪-২০২৩	দার্জিলিং, কোচবিহার, মালদা, বালুরঘাট, বহরমপুর, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি	কৃষ্ণনগর, দীঘা	--	কালিম্পং, জলপাইগুড়ি	--

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

২৭ এপ্রিল (দিন ১) -

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলাগুলোর কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সব জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গে আগামী ৫ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

২৮ এপ্রিল (দিন ২)-

পশ্চিমবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাঙ, মালদা, দক্ষিণ দিনাজপুর, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, ঝাড়গ্রাম এবং পুরুলিয়া জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

২৯ এপ্রিল (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাঙ জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম ও পুরুলিয়া জেলার কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

সতর্কীকরণ:

২৭ এপ্রিল (দিন ১) -

- ১) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব বর্ধমান, মুর্শিদাবাদ ও বীরভূম জেলার দুয়েক জায়গায় শিলাবৃষ্টি, বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাত এবং ঝোড়ো হাওয়ার (গতিবেগ ৪০-৫০ কিমি/ঘন্টা) সম্ভাবনা আছে।
- ২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাত এবং ঝোড়ো হাওয়ার (গতিবেগ ৪০-৫০ কিমি/ঘন্টা) সম্ভাবনা আছে।
- ৩) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সব জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাত এবং ঝোড়ো হাওয়ার (গতিবেগ ৩০-৪০ কিমি/ঘন্টা) সম্ভাবনা আছে।

২৮ এপ্রিল (দিন ২)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ঝাড়গ্রাম, পুরুলিয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাত এবং ঝোড়ো হাওয়ার (গতিবেগ ৩০-৪০ কিমি/ঘন্টা) সম্ভাবনা আছে।

২৯ এপ্রিল (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি ও কালিম্পাং জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সব জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাত এবং ঝোড়ো হাওয়ার (গতিবেগ ৩০-৪০ কিমি/ঘন্টা) সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত
২৭

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

২৭-০৪-২০২৩